দৈনিক জনকণ্ঠ

302

তারিখ ... JUL 16 1999
পৃষ্ঠা ৫ কলাম ৪

## পরীক্ষা পিছানো চাই না

আমরা ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের এমএসএস শেষ পর্বের পরীক্ষার্থী যা অনুষ্ঠিত হওয়ার কথা ২৬ আগস্ট ১৯৯৯। উল্লেখ্য, এমনিতেই তিন বছরের সেশনজট! যদি স্বার্থকামী লোকের প্ররোচনায় বা ছাত্রছাত্রী নামধারী যারা অকারণে পরীক্ষা পিছানোর দাবিতে আন্দোলন পর্যন্ত করে এবং তাদেরকে উৎসাহিত করে পরীক্ষা পিছিয়ে দেয়া হয় তাহলে আরও একটি বছরের সেশনজট চাপিয়ে দেয়া হবে আমাদের ওপর- যা হবে বোঝার ওপর শাকের আঁটি। ঘন ঘন পরীক্ষার তারিখ পরিবর্তিত হলে পরীক্ষার্থীদের প্রস্তুতির ওপর মারাত্মক চাপ সৃষ্টি হয়। ফলে আশানুরূপ রেজাল্ট হয় না। দুই মাস পরীক্ষা পিছালে হয়ত নতুন শতাব্দীতে পরীক্ষা দিতে হতে পারে। তাই পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আমাদের আকুল আবেদন, যাতে যথাসময়ে (নির্ধারিত তারিখে) পরীক্ষা অনুষ্ঠিত হয় সেদিকে সুদৃষ্টি রাখবেন।

*মিনাল, কিসলু, ঝিনুক, রাশেদ, শুক্লা*
রাষ্ট্র বিজ্ঞান বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।